সংবাদ

তারিখ 06 DEC 2017
পৃষ্ঠা ... কলাম ...

# বরিশালে প্রক্সি পরীক্ষা দিতে গিয়ে ৭ শিক্ষার্থী আটক

জেলা বার্তা পরিবেশক, বরিশাল

বরিশাল সরকারি মহিলা কলেজে অনার্স পরীক্ষায় প্রক্সি দিতে গিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ছাত্রসহ ৭ শিক্ষার্থীকে আটক করেছে কলেজ প্রশাসন। পরে তাদের মুচলেকা রেখে ছেড়ে দেয়া হয়েছে। গতকাল তাদের কলেজ থেকে আটক করা হয়। কিন্তু এ বিষয়ে কোন মন্তব্য করতে রাজি হননি মহিলা কলেজের অধ্যক্ষ আ. মোতালেব হাওলাদার। তবে মহিলা কলেজে গিয়ে প্রক্সি দিতে যাওয়া ৭ শিক্ষার্থীকে আটকের সত্যতা পাওয়া গেছে।

আটককৃত ছাত্ররা হলো- ব্রজমোহন কলেজের ছাত্র সুজন সিকদার, একই কলেজের ছাত্র রাজু, সৈয়দ ফজলুল হক কলেজের ছাত্র মো. মিজান, বরিশাল বিশ্ববিদ্যালয়ের ছাত্র মো. মিলন, মুলাদীর বঙ্গবন্ধু কলেজের ছাত্র মো. আমিনুল, ভোলার বাডলা কলেজের ছাত্র মো. নুরে আলম ও শাখাওয়াত হোসেন।

সরকারি মহিলা কলেজ কেন্দ্র সূত্রে জানা যায়, সম্মান চতুর্থ বর্ষের ইংরেজি বিষয়ের মনোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণকারী কয়েকজন পরিক্ষার্থীর গতিবিধিতে কলেজ প্রশাসনের সন্দেহ হয়। এদের মধ্যে ৭ জনকে হাতেনাতে আটক করা হলেও বাকিরা পালিয়ে যেতে সক্ষম হয়। বরিশাল সরকারি মহিলা কলেজের পরীক্ষা নিয়ন্ত্রক মো. আব্বাস উদ্দিন জানান, সন্দেহভাজনভাবে তাদের আটক করা হলেও পরে তাদের ছেড়ে দেয়া হয়।

প্রাপ্ত নং
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ